**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 10-04-2026** **Desk in Charge : SDG**

**Time : - 7-35 AM** **Edit. & Compile. : Sudip B.**

**DEO : - KB** **NRT : Sudip Basu**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার জন্য জমা পড়া মনোনয়ন পত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হবে।

২/ বিধানসভা নির্বাচনের আগে, 'বুথ লেভেল অফিসার' BLO- দের জন্য একগুচ্ছ নির্দেশিকা জারি কমিশনের।

৩/ রাজ্যে জমে উঠেছে নির্বাচনী প্রচার। **#** ক্ষমতায় এলে রাজ্যের জন্য বিজেপির ৬'টি গ্যারান্টির কথা, গতকাল তুলে ধরেছেন শীর্ষ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

**#**আজ বিজেপির নির্বাচনী ইস্তেহার 'সংকল্প পত্র' প্রকাশ করবেন, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্।

৪/ বিজেপির নির্দেশে রাজ্যে ৯০ লক্ষের বেশি মানুষের নাম বাদ দেওয়া হয়েছে বলে অভিযোগ তুলেছেন তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

৫/ RG KAR হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের তদন্তে CBI প্রয়োজনে মূল অভিযুক্ত সঞ্জয় রায় সহ যে কাউকে ফের জিজ্ঞাসাবাদ করতে পারবে বলে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৬/ ইস্টবেঙ্গল, 'কলকাতা প্রিমিয়ার লিগ হকি'-র ফাইনালে উঠেছে।

************************************************************************

রাজ্যে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার জন্য জমা পড়া মনোনয়ন পত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হবে। এই দফায় ১৪২ টি আসনের জন্য মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন ছিল গতকালই। প্রার্থী পদ প্রত্যাহারের শেষ দিন ১৩ ই এপ্রিল। দ্বিতীয় দফায় ২৯ শে এপ্রিল ভোট নেওয়া হবে।

এদিকে প্রথম দফার নির্বাচনের প্রার্থীপদ প্রত্যাহারের সময়সীমা গতকাল শেষ হয়েছে। ১৫২ টি আসনের জন্য এক হাজার ৫৮৬ জন প্রার্থী, ২'হাজার ৩০৪ টি মনোনয়ন পেশ করেন। এই দফায় আগামী ২৩ শে এপ্রিল ভোটগ্রহণ।

****************************

রাজ্যের SIR প্রক্রিয়ায় এডজুডিকেশনের পর যোগ্য এবং অযোগ্য হিসাবে চিহ্নিত ভোটারদের বিধানসভা ভিত্তিক তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন। কমিশনের তথ্য অনুযায়ী, বিচারাধীন তালিকায় থাকা প্রায় ৬০ লক্ষের বেশি নাম যাচাই করে তার মধ্যে প্রায় ২৭ লক্ষ ভোটারকে অযোগ্য বলে বাদ দেওয়া হয়েছে।

সবচেয়ে বেশি নাম বাদ পড়েছে মুর্শিদাবাদের সামশেরগঞ্জ কেন্দ্র। সেখানে ১ লক্ষ ৮ হাজার ৪০০ জন বিবেচনাধীন ভোটারের মধ্যে ৭৪ হাজার ৭৭৫ জনের নাম এডজুডিকেশনের পর অযোগ্য বলে বাতিল হয়েছে। সবচেয়ে কম ছাঁটাই হয়েছে পুরুলিয়ার মানবাজার কেন্দ্রে। সেখানে ২ হাজার ৭৭১ জনের মধ্যে মাত্র ৭১ জনের নাম বাদ পড়েছে।

**ভবানীপুর** কেন্দ্রে ১৪ হাজার ১৫৪ জন বিচারাধীন ভোটারের মধ্যে ৩ হাজার ৮৯৩ জনের নাম বাদ গিয়েছে। অন্যদিকে **নন্দীগ্রামে** ১০ হাজার ৬১৬ জনের মধ্যে ৩ হাজার ৪৬১ জনের নাম বাতিল হয়েছে।

কলকাতা শহরের মধ্যে সবচেয়ে বেশি নাম বাদ পড়েছে **কলকাতা বন্দর** কেন্দ্রে - ১৩ হাজার ৩৯৫ জন। আর সবচেয়ে কম ছাঁটাই হয়েছে মানিকতলায়, যেখানে ৭৩৩ জন।

কমিশনের তথ্য অনুযায়ী, মোট **৬০ লক্ষ ৬ হাজার ৬৭৫** জন 'বিবেচনাধীন' ভোটারের মধ্যে **২৭ লক্ষ ১৬ হাজার ৩৯৩** জনের নাম বাদ পড়েছে। সব মিলিয়ে

সংশোধন প্রক্রিয়ার বিভিন্ন ধাপে মোট প্রায় ৯০ লক্ষ ৮৩ হাজার ৩৪৫ জনের নাম ভোটার তালিকা থেকে মুছে গিয়েছে।

****************************

আসন্ন বিধানসভা নির্বাচনের আগে বুথ লেভেল অফিসার-BLO দের ভূমিকা ও দায়িত্ব নিয়ে বিস্তারিত নির্দেশিকা জারি করেছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর। নির্দেশ অনুযায়ী, BLOদের বাড়ি বাড়ি গিয়ে ভোটার ইনফরমেশন স্লিপ বিতরণ করতে হবে। ভোটগ্রহনের তারিখের অন্তত পাঁচ দিন আগে এই কাজ শেষ করতে হবে তাদের। নিরপেক্ষতা বজায় রাখার ক্ষেত্রে কোন অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট বিএলওর বিরুদ্ধে কড়া ব্যবস্থা গ্রহণের সতর্কবার্তাও দেওয়া হয়েছে।

এছাড়া ভোটকেন্দ্রে ওয়েবকাস্টিংয়ের ব্যবস্থা, ক্যামেরার সঠিক অবস্থান এবং তার কার্যকারিতা নিশ্চিত করার দায়িত্বও BLO ও সেক্টর অফিসারদের উপর দেওয়া হয়েছে। ভোটের দিনে ভোটারদের সহায়তার জন্য প্রতিটি কেন্দ্রে ‘ভোটার অ্যাসিস্ট্যান্স বুথ’ খোলা হবে, যেখানে ভোটার নিজের নাম তালিকায় দেখতে পারবেন। ভোটদানের গোপনীয়তা বজায় রেখে ভোটকেন্দ্রে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করারও নির্দেশ দেওয়া হয়েছে।

****************************

রাজ্যে ভোটের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে প্রচারাভিযান জমে উঠেছে।

শীর্ষ বিজেপি নেতা **প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী** গতকাল হলদিয়া, আসানসোলের পোলো গ্রাউন্ড এবং সিউড়ির পুলিশ গ্রাউন্ডে, তিনটি জনসভায়, ‘রাজ্যে পরিবর্তন আসন্ন’ বলে মন্তব্য করেন। হলদিয়ার সমাবেশে তিনি, রাজ্যে ক্ষমতায় এলে বিজেপির **৬’টি গ্যারান্টির** কথা তুলে ধরেন।

( বাইট- মোদী/ গ্যারান্টি )

পরে বীরভূমের সিউড়িতে আরেকটি জনসভায় প্রধানমন্ত্রী আবারো রাজ্য সরকারের সমালোচনা করে বলেন, তৃণমূল কংগ্রেস 'মা-মাটি-মানুষ'-এর কথা বলে, কিন্তু এরাজ্যে মা- অর্থাৎ মহিলারা সুরক্ষিত নন।

তাঁরা ক্ষমতায় এলে, মহিলাদের ওপর প্রতিটি অত্যাচার ও নির্যাতনের তদন্ত হবে, ভয়ের পরিবর্তে ভরসা ফিরিয়ে আনা হবে এবং সরকার সাধারণ মানুষের প্রতি দায়বদ্ধ থাকবে বলে আশ্বাস দেন মোদী। পশ্চিম বর্ধমানের আসানসোলে তিনি দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভার পাশাপাশি রোড শো-তে অংশ নেন।

****************************

বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন, গতকাল মালদা ও উত্তর দিনাজপুরের চাকুলিয়াতে জনসভা করেন। মালদার সভায় তিনি তৃণমূল কংগ্রেস সরকারের সমালোচনা করে বলেন, পশ্চিমবঙ্গের 'মা-মাটি-মানুষ'-কে ধ্বংস করেছে এই সরকার। বিকশিত পশ্চিমবঙ্গ গড়ে তোলার লক্ষ্যে নরেন্দ্র মোদীর নেতৃত্বে এরাজ্যে বিজেপির সরকারকে জয়ী করার জন্যে আহ্বান জানান তিনি।

চাকুলিয়ার সভায় নীতিন নবীন, তাঁদের দল ক্ষমতায় এলে মতুয়াদের নাগরিকত্ব ও সামাজিক সুরক্ষা সুনিশ্চিত করার ওপরেই অগ্রাধিকার দেওয়া হবে বলে আশ্বাস দেন তিনি।

****************************

বরিষ্ঠ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দলীয় কর্মসূচিতে যোগ দিতে আজ সকালে পশ্চিমবঙ্গে আসছেন। দলীয় সূত্রে জানা গেছে সকালে শহরের একটি বেসরকারি হোটেলে সাংবাদিক বৈঠকে তাঁর বিজেপির সংকল্পপত্র বা নির্বাচনী ইশতেহার প্রকাশ করার কথা।

এরপর তিনি পশ্চিম মেদিনীপুরের উদ্দেশে রওনা দেবেন। সেখানে ডেবরা এবং খড়্গাপুরে দলীয় প্রার্থীদের সমর্থনে জনসভা ও রোড শো করার কথা শ্রী শাহের। সন্ধ্যায় খড়্গাপুরে দলের এক সাংগঠনিক বৈঠকেও তিনি উপস্থিত থাকবেন।

****************************

উত্তরপাড়া বিধানসভা কেন্দ্রের CPIM প্রার্থী মীনাক্ষী মুখপাধ্যায়, এলাকায় জনসংযোগ করবেন। নিজ নিজ কেন্দ্রে প্রচারে অংশ নিচ্ছেন দীপ্সিতা ধর, আফরিন বেগম, বিকাশ রঞ্জন ভট্টাচার্য- রা।

কংগ্রেস প্রার্থীরাও জোরকদমে প্রচার শুরু করেছেন।

****************************

এদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী পাল্টা অভিযোগ করেছেন, বাংলা দখলের জন্য বিজেপির অঙ্গুলিহেলনে SIR করে রাজ্যের ৯০ লক্ষের বেশি মানুষের নাম বাদ দেওয়া হয়েছে। তবে তা' সত্বেও তৃণমূল কংগ্রেসই বিধানসভা নির্বাচনে জয় লাভ করবে বলে উত্তর ২৪ পরগনার মিনাখাঁয় দলীয় প্রার্থীর সমর্থনে এক জনসভায় তিনি প্রত্যয় ব্যক্ত করেন।

( বাইট- মমতা SIR )

ভিন রাজ্যে বাঙলাভাষীরা অনুপ্রবেশকারী হলে, এই রাজ্যে অন্য রাজ্যের বিজেপি নেতারাও অনুপ্রবেশকারী হিসেবে গণ্য হবেন বলে তিনি মন্তব্য করেন। ক্ষমতায় ফিরলে তাঁর সরকার সুন্দরবনকে 'জেলা'-র মর্যাদা দেবে বলে আশ্বাস দেন তৃণমূল কংগ্রেস নেত্রী। এরপর তিনি বরানগরে দলীয় প্রার্থীর সমর্থনে ডানলপ থেকে সিঁথির মোড় পর্যন্ত পদযাত্রায় অংশ নেন।

****************************

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের আগে হুমায়ুন কবীরের 'আম জনতা উন্নয়ন পার্টি'র সঙ্গে জোট ভেঙ্গে দিয়েছে, আসাদউদ্দিন ওয়াসির AIMIM । সম্প্রতি হুমায়ুন কবীরের একটি ভিডিও ছড়িয়ে পড়ার পর স্বচ্ছতার প্রশ্নে তাঁদের এই সিদ্ধান্ত বলে জানানো হয়েছে। দলের ভেরিফায়েড এক্স হ্যান্ডেলে এক পোস্টে AIMIM জানিয়েছে যে, পশ্চিমবঙ্গে মুসলমানদের অবস্থা অত্যন্ত শোচনীয়। পশ্চিমবঙ্গে দীর্ঘকাল তথাকথিত

ধর্মনিরপেক্ষ  দলগুলি ক্ষমতায় থাকা সত্ত্বেও, এই সম্প্রদায়ের উন্নয়নে কোনো কাজ করা হয়নি। আসন্ন নির্বাচনে তাঁরা রাজ্যে একাই লড়ার কথা ঘোষণা করেছে।

****************************

RG KAR হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায়  সিবিআই প্রয়োজনে মূল  অভিযুক্ত সঞ্জয় রায় সহ যে  কাউকে ফের জিজ্ঞাসাবাদ করতে পারে বলে কলকাতা হাইকোর্ট নির্দেশ দিয়েছে। দুই বিচারপতি রাজাশেখর মান্থা ও রাই চট্টোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চ  জানিয়েছেন, ঘটনায় আজীবন  সাজাপ্রাপ্ত বন্দী সঞ্জয় অনেক কিছুই জানেন। তাকে জিজ্ঞাসাবাদ করতে CBI যাতে কোনো দ্বিধা না করে সেই নির্দেশও  দিয়েছে আদালত। এই নির্দেশের প্রেক্ষিতে CBI কে তাদের বক্তব্য বা রিপোর্ট আগামী ১২ মে সকাল সাড়ে দশটায় আদালতে দাখিল করতে হবে । ঐ দিন প্রথম  মামলাটি শুনানির জন্যে  গ্রহণ করা হবে। পাশাপাশি সিবিআইয়ের দায়ের করা সঞ্জয় রায়ের মৃত্যুদণ্ড এবং তার বেকসুর খালাসের আবেদনেরও একইসঙ্গে শুনানি প্রয়োজন বলে ডিভিশন বেঞ্চ উল্লেখ করেছে।

****************************

RG KAR কাণ্ডের কুড়ি মাস পেরিয়ে গেলেও এখনো নির্যাতিতা বিচার পায়নি বলে অভিযোগ তুলে গতকাল কলকাতার শ্যামবাজারে বিক্ষোভ দেখিয়েছে অভয়া মঞ্চ। RG KAR মেডিকেল কলেজ হাসপাতাল থেকে শ্যামবাজার পর্যন্ত মিছিলে শামিল হয়েছিলেন চিকিৎসক, সমাজকর্মী সহ বহু মানুষ। মিছিল শেষে শ্যামবাজারে প্রতিবাদ কর্মসূচি পালন করছে অভয়া মঞ্চ।

****************************

রাজ্যে আগামী ৪/৫ দিনে প্রায় সব জেলাতেই তাপমাত্রা ৫ থেকে ৭ ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

গরম ও অস্বস্তিকর আবহাওয়া এড়াতে দুপুর ১১ টা থেকে বিকেল চারটে পর্যন্ত প্রয়োজন ছাড়া বাড়ির বাইরে না যাওয়ার পরামর্শ দেয়া হয়েছে।

এদিকে, দক্ষিণবঙ্গে আজ থেকে বৃষ্টির পরিমাণ কমলেও উত্তরবঙ্গের উত্তরের জেলাগুলিতে আজও বজ্রবিদ্যুৎসহ হালকা বৃষ্টির সম্ভাবনা।

অন্যদিকে, আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২২ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ৩ দশমিক ১ ডিগ্রি কম।

****************************

ষষ্ঠ শ্রেণির পড়ুয়াদের জন্য তৃতীয় ভাষা শিক্ষা বাধ্যতামূলক করেছে কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ- CBSE। এক সপ্তাহের মধ্যে স্কুলগুলিকে তৃতীয় ভাষার পঠনপাঠন শুরু করতে নির্দেশ দিয়েছে তারা। তবে তৃতীয় ভাষার পাঠ্যপুস্তক ছাত্রছাত্রীরা এখনো হাতে পায়নি বলে অভিযোগ। CBSE জানিয়েছে, তৃতীয় ভাষা হিসেবে কী বেছে নেওয়া হচ্ছে, তা আনুষ্ঠানিক ভাবে জানাতে হবে স্কুলগুলিকে। CBSE ত্রিভাষা শিক্ষার যে কাঠামো তৈরি করেছে তা হল - প্রথম ভাষা হিসেবে মাতৃভাষা ও দ্বিতীয় ভাষা হিসেবে যেকোনো ভারতীয় ভাষা বা ইংরেজি থাকবে। এর সঙ্গে তৃতীয় ভাষা হিসেবে আরও একটি অতিরিক্ত ভারতীয় ভাষা পড়ানো হবে।

****************************

ইস্টবেঙ্গল, কলকাতা প্রিমিয়ার লিগ হকির ফাইনালে উঠেছে। হাওড়ার ডুমুরজলা ষ্টেডিয়ামে গতকাল গ্রুপ পর্বে তাদের শেষ ম্যাচে ইষ্টস্বেঙ্গল ৩-০ গোলে ক্যালকাটা কাস্টমসকে হারিয়ে দিয়েছে। ইস্টবেঙ্গলের পক্ষে উজ্জ্বল সিং, প্রতাপ লাখরা, দর্শন ভিভার গাওয়ার গোল করেছেন।

শনিবার ফাইনালে, যুবভারতীর হকি স্টেডিয়ামে ইস্টবেঙ্গল, মোহনবাগানের মুখোমুখি হবে।

****************************

ইডেনে গতকাল IPL-এর ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, লখনউ সুপার জায়ান্টস এর কাছে ৩ উইকেটে পরাজিত হয়েছে। লখনউ টসে জিতে KKR-কে প্রথমে ব্যাট করতে

পাঠায়। তাঁরা ২০ ওভারে ৪ উইকেটে ১৮১ রান তোলে। জবাবে লখনউ ৭ উইকেট হারিয়ে জয়ের লক্ষ্যে পৌঁছে যায়।

KKR আগামী মঙ্গলবার চেন্নাইতে তাদের পরবর্তী ম্যাচে চেন্নাই সুপার কিংসের বিরুদ্ধে খেলবে।

*******************************************************************